

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ আইন, ২০১৮

(২০১৮ সনের ২ নং আইন)

Bangladesh College of Physicians and Surgeons Order, 1972 রহিতপূর্বক সময়োপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু Bangladesh College of Physicians and Surgeons Order, 1972 (President's Order No. 63 of 1972) রহিতপূর্বক সময়োপযোগী করিয়া উহা পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন

- ১। (১) এই আইন বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।
- (২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

সংজ্ঞা

- ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে-
- (১) “কলেজ” অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্;
- (২) “কাউন্সিল” অর্থ ধারা ৭ এর অধীন গঠিত কাউন্সিল;
- (৩) “ফেলো” অর্থ ফেলো অব কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (এফসিপিএস) পরীক্ষায় উত্তীর্ণ কোন ব্যক্তি;
- (৪) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (৫) “মেম্বার” অর্থ মেম্বার অব কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (এমসিপিএস) পরীক্ষায় উত্তীর্ণ কোন ব্যক্তি; এবং
- (৬) “সচিব” অর্থ ধারা ১৩ এর অধীন নিযুক্ত কলেজের সচিব।

কলেজ প্রতিষ্ঠা

- ৩। (১) Bangladesh College of Physicians and Surgeons Order, 1972 (President's Order No. 63 of 1972) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে।

(২) কলেজ একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে, এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

কলেজ গঠন

৪। নিম্নবর্ণিত ফেলোগণের সমন্বয়ে কলেজ গঠিত হইবে, যথা :-

(ক) ধারা ১০ এর দফা (ক) এর অধীন সনদপ্রাপ্ত ফেলো;

(খ) ধারা ১০ এর দফা (ঙ) এর অধীন ঘোষিত সম্মানিত ফেলো; এবং

কলেজের কার্যাবলি

৫। কলেজের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

(ক) চিকিৎসা বিজ্ঞানের সকল শাখায় বিশেষজ্ঞ তৈরীর লক্ষ্যে হাসপাতাল এবং চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করা;

(খ) এফসিপিএস ও এমসিপিএস পরীক্ষার আয়োজন এবং সনদ প্রদান;

(গ) চিকিৎসা বিজ্ঞানের সকল শাখায় স্নাতকোত্তর শিক্ষার ব্যবস্থা করা;

(ঘ) চিকিৎসা বিজ্ঞানে গবেষণার ব্যবস্থা করা;

(ঙ) চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে ফিজিশিয়ানস্‌, সার্জনস্‌ এবং বিশেষজ্ঞ চিকিৎসকগণের প্রশিক্ষণের ব্যবস্থা করা;

(চ) ফিজিশিয়ানস্‌, সার্জনস্‌ এবং বিশেষজ্ঞ চিকিৎসকগণের মধ্যে চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ের উপর আলোচনা ও ব্যবহারিক প্রদর্শনীর জন্য সভা, সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালার আয়োজন করা; এবং

(ছ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম পরিচালনা করা।

সাধারণ পরিচালনা ও প্রশাসন

৬। কলেজের সাধারণ পরিচালনা ও প্রশাসন কাউন্সিলের উপর ন্যস্ত থাকিবে এবং কলেজ যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে কাউন্সিলও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

কাউন্সিল গঠন

৭। (১) নিম্নবর্ণিত ২০ (বিশ) জন সদস্য সমন্বয়ে কলেজের কাউন্সিল গঠিত হইবে, যথা :-

(ক) ফেলোগণের মধ্য হইতে নির্বাচিত ১৬ (ষোলো) জন ফেলো; এবং

(খ) সরকার কর্তৃক মনোনীত ৪ (চার) জন ফেলো।

(২) কাউন্সিলের সদস্যগণের মেয়াদ হইবে ৪ (চার) বৎসর :

তবে শর্ত থাকে যে, কোন সদস্য পুনঃনির্বাচিত বা পুনঃমনোনীত হইতে পারিবেন।

(৩) কাউন্সিলের কোন সদস্যপদ সাময়িকভাবে শূন্য হইলে নির্বাচিত ফেলোর ক্ষেত্রে নির্বাচনের মাধ্যমে এবং মনোনীত ফেলোর ক্ষেত্রে মনোনয়নের মাধ্যমে পূরণ করিতে হইবে এবং উক্তরূপে নির্বাচিত বা মনোনীত সদস্য অবশিষ্ট মেয়াদের জন্য বহাল থাকিবেন।

(৪) কাউন্সিলের সদস্য নির্বাচনের পদ্ধতি বিধি দ্বারা নির্ধারিত হইবে।

**কাউন্সিলের
সভাপতি,
সহ-
সভাপতি,
কোষাধ্যক্ষ,
ইত্যাদি**

৮। (১) কাউন্সিলের সদস্যগণ, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, তাহাদের মধ্য হইতে একজন সভাপতি, একজন সিনিয়র সহ-সভাপতি, একজন সভাপতি এবং একজন কোষাধ্যক্ষ নির্বাচন করিবেন।

(২) সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং কোষাধ্যক্ষ ২ (দুই) বৎসর মেয়াদের জন্য নির্বাচিত হইবেন:

তবে শর্ত থাকে যে, পরবর্তী সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং কোষাধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত প্রত্যেকে স্ব স্ব দায়িত্ব পালন করিবেন:

আরও শর্ত থাকে যে, কোন ব্যক্তি পূর্ববর্ণিত পদে দুইবারের অধিক নির্বাচিত হইতে পারিবেন না।

(৩) সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং কোষাধ্যক্ষ নির্বাচন সংক্রান্ত কোন বিরোধ দেখা দিলে উহা সরকারের নিকট প্রেরণ করিতে হইবে এবং সরকার কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**কাউন্সিলের
সভা**

৯। কাউন্সিলের সভা সংক্রান্ত বিধান বিধি দ্বারা নির্ধারিত হইবে।

**কাউন্সিলের
কার্যাবলি**

১০। কাউন্সিল নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করিবে, যথা :-

(ক) এফসিপিএস পরীক্ষা পরিচালনা এবং এফসিপিএস পরীক্ষায় উত্তীর্ণদের সনদ প্রদান;

(খ) এমসিপিএস পরীক্ষা পরিচালনা এবং এমসিপিএস পরীক্ষায় উত্তীর্ণদের সনদ প্রদান;

(গ) বিভিন্ন বিষয়ে পরীক্ষা পরিচালনার জন্য পরীক্ষক বোর্ড নিয়োগ;

(ঘ) বিভিন্ন পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফি, ফেলোশীপের বাৎসরিক চাঁদা এবং প্রয়োজনীয় অন্যান্য ফি বা চাঁদা নির্ধারণ;